Department of Education
Carmen Fariña, Chancellor

বহুলজিজ্ঞাসিত প্রশ্নাবলি
প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের হাই স্কুলে ভর্তি

1. **ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আইইপি) আছে, এমন শিক্ষার্থীরা কী হাই স্কুল অ্যাডমিশন প্রক্রিয়ায় অংশগ্রহণ করে?**
   হ্যাঁ, আইইপি আছে, এমন শিক্ষার্থীরা নিউ ইয়র্ক সিটি পাবলিক হাই স্কুল ডিরেক্টরিতে (http://schools.nyc.gov/ChoicesEnrollment/bengali.html) তালিকাভুক্ত সকল হাই স্কুল কর্মসূচিতে আবেদন করতে পারে। তারা স্পেশালাইজড হাই স্কুলস অ্যাডমিশন্স টেস্ট (এসএইচএসএটি) দিতে পারে এবং ফিওরেল্লো এইচ লাগোয়ার্ডিয়া হাই স্কুল অভ মিউজিক অ্যান্ড আর্ট অ্যান্য পারফরমিং আর্টস কর্মসূচিসহ সকল অডিশন প্রোগ্রামেও অংশগ্রহণ করতে পারে। ডিরেক্টরি দেখতে ও ভর্তির শর্তাবলি, এসএইচএসএটি, এবং অডিশন প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্য পেতে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট-এর ওয়েবপেজ (http://schools.nyc.gov/ChoicesEnrollment/bengali.html) দেখুন।

2. **চলমান ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা কী হাই স্কুল অ্যাডমিশন প্রক্রিয়ায় অংশগ্রহণ করে?**
   ডিস্ট্রিক্ট ৭৫ কর্মসূচির শিক্ষার্থীরা হাই স্কুলে যাওয়ার জন্য বহুবিধ পন্থা অনুসরণ করে। শিক্ষার্থী, পরিবার, এবং কর্মীরা আইইপি ও অন্যান্য সভায় হাই স্কুলের বিভিন্ন বিকল্প ধারা সম্পর্কে অব্যাহতভাবে আলোচনা করেন। এই প্রক্রিয়ার মাধ্যমে শিক্ষার্থী, পরিবার,এবং স্কুল-ভিত্তিক কমিটি অন স্পেশাল এডুকেশন সেই পন্থাটি বাছাই করেন যা শিক্ষার্থীর প্রয়োজন সবচেয়ে ভালোভাবে মেটাবে।

   a. কোন ডিস্ট্রিক্ট ৭৫ প্রোগ্রাম থেকে কম্যুনিটি হাই স্কুল কর্মসূচিতে উত্তরণশীল শিক্ষার্থী হাই স্কুলে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করে এবং যোগ্যতা থাকলে তারা ডিরেক্টরিতে তালিকাভুক্ত সকল কর্মসূচিতে আবেদন করতে পারবে। তবে কোন কম্যুনিটি হাই স্কুলে ভর্তি হওয়ার আগে এসব শিক্ষার্থীকে কম্যুনিটি হাই স্কুলে স্পেশাল এডুকেশন সার্ভিস সুপারিশকারী একটি নতুন আইইপি তৈরির জন্য আইইপি সভায় মিলিত হতে হবে।

   b. ডিস্ট্রিক্ট ৭৫ হাই স্কুল প্রোগ্রামে উত্তরণশীল শিক্ষার্থীরা ডিস্ট্রিক্ট ৭৫ অফিস অফিস অব ইনক্লুশন-এর তদারকির অধীনস্থ বাছাই কর্মসূচিতে অংশগ্রহণ করে। শিক্ষার্থী ও পরিবারসমূহকে ডিরেক্টরি অব ডিস্ট্রিক্ট ৭৫ এসইটিএসএস প্রোগ্রাম এবং আবেদনপত্র সরবরাহ করা হয়। এটি পাওয়া যেতে পারে ডিস্ট্রিক্ট ৭৫-এর ওয়েবপেজ-এর "ইনক্লুসিভ এডুকেশন - ডিস্ট্রিক্ট ৭৫ ইনক্লুসিভ প্রোগ্রামস"-এর অধীনে (http://schools.nyc.gov/Academics/SpecialEducation/D75/info_resources)। আবেদনপত্র জমা দিতে হবে ডিসেম্বরে এবং শিক্ষার্থীরা বসন্তের প্রথম দিকে ভর্তির প্রস্তাবের চিঠি পাবে।

   c. ডিস্ট্রিক্ট ৭৫-এর চলমান শিক্ষার্থী ও ডিস্ট্রিক্ট হাই স্কুল কর্মসূচিতে উত্তরণশীল শিক্ষার্থীদেরকে কম্যুনিটি হাই স্কুলে ভর্তির আবেদনপত্র পূরণ করতে হবে না। মে-জুন মাসে শিক্ষার্থী ও পরিবারবর্গকে ডিস্ট্রিক্ট

৭৫ প্লেসমেন্ট অফিস একটি হাই স্কুলে ভর্তির প্রস্তাব প্রদান করবে। আরও তথ্যের জন্য ডিস্ট্রিক্ট ৭৫-এর ওয়েবপেজ (http://schools.nyc.gov/Academics/SpecialEducation/D75) দেখুন।

3. **অডিশন ও হাই স্কুলস অ্যাডমিশন্স টেস্ট (এসএইচএসএটি)-সহ হাই স্কুল অ্যাডমিশন্স টেস্ট-এ শিক্ষার্থীরা কী বিশেষ ব্যবস্থার সুবিধা লাভ করতে পারে?**
হ্যাঁ, শিক্ষার্থীরা এসএইচএসএটি-সহ হাই স্কুল অ্যাডমিশন্স টেস্ট-এ বিশেষ ব্যবস্থার সুবিধা লাভ করতে পারে। শিক্ষার্থীদের বিশেষ ব্যবস্থার সুবিধা লাভের অনুরোধ অবশ্যই আইইপি, অনুমোদিত ৫০৪ পরিকল্পনা, কিংবা ইএলএল কর্মসূচির সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। অনুগ্রহ করে লক্ষ্য করবেন, পরীক্ষায় যে বিষয় মূল্যায়ন করা হয়, বিশেষ ব্যবস্থার সুবিধার মাধ্যমে তার পরিবর্তন অনুমোদিত নয়। অধিক তথ্যের জন্য টেস্টিং অ্যাকোমোডেশন (বিশেষ ব্যবস্থার সুবিধা) এফএকিউ দেখুন (http://schools.nyc.gov/Academics/SpecialEducation/Classroom/instruction/accommodations)।

এসএইচএসএটি-এর জন্য স্কুলগুলো সকল পরিবারের কাছে রিকোয়েস্ট ফর টেস্টিং-এর রেজিস্ট্রেশন রসিদ প্রেরণ করে যাতে কোন শিক্ষার্থী যেসব বিশেষ ব্যবস্থার সুবিধা লাভ করতে পারে, তার তালিকা থাকে। পরিবারসমূহকে প্রথম এসএইচএসএটি পরীক্ষাগ্রহণের পূর্বে সাবধানতার সাথে পরীক্ষার রসিদ ও পরীক্ষার টিকেট দেখতে হবে। আরও তথ্যের জন্য স্পেশালাইজড হাই স্কুল স্টুডেন্ট হ্যান্ডবুক (http://schools.nyc.gov/NR/rdonlyres/3F225715-F8BF-404B-BD5A-33BA3F674A09/0/SHSAT_StHdbk_pp121_Bengali.pdf) দেখুন।

4. **আমার সন্তানের আইইপি আছে কী-না, হাই স্কুলের আবেদনপত্রে সেটা কেন উল্লিখিত হয়?**
হাই স্কুলের আবেদনপত্রের প্রথম পাতায় প্রতিটি শিক্ষার্থীর স্কুল প্রোফাইল, যেমন জীবনবৃত্তান্ত, সপ্তম গ্রেডের পরীক্ষার ফল, উপস্থিত, অভিগম্যতার প্রয়োজনীয়তা, এবং শিক্ষার্থীর কোন আইইপি আছে কী নেই, ইত্যাদির প্রতিফলন ঘটায়। যদি কোন শিক্ষার্থীর আইইপি থাকে, তাহলে পরিবার আবেদনপত্রে নিচের স্পেশাল এডুকেশন সার্ভিস দেখতে পারবেন: স্পেশাল ক্লাস (এসসি) যদি স্কুল দিবসের ৬০%-এর অধিক এসসি সার্ভিস, ইনটিগ্রেটেড কো-টিচিং (আইসিটি) যদি স্কুল দিবসের ৬০%-এর অধিক আইসিটি সার্ভিস, খণ্ডকাল (যদি এসসি, আইসিটি কিংবা স্কুল দিবসের ২১% থেকে ৫৯% অন্য সার্ভিসসমূহ মিলিতভাবে, কিংবা স্পেশালএডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (এসইটিএসএস) পেতে থাকে। যদি কোন শিক্ষার্থী পূর্ণকাল স্পেশাল এডুকেশন সার্ভিস ও নমনীয় প্রোগ্রাম অর্থাৎ মিলিত সার্ভিস লাভ করে, তাহলে শিক্ষার্থী দিনের প্রধান অংশ জুড়ে যে যে ধরনের সার্ভিস লাভ করছে, এই অংশে তার উল্লেখ থাকবে: এসসি বা আইসিটি। এটি অন্তর্ভুক্ত করা হয়েছে যাতে নিশ্চিত হওয়া যায় যে বর্তমানে শিক্ষার্থী কোন্ স্পেশাল এডুকেশন সার্ভিস বর্তমানে পাওয়ার যোগ্য, পরিবার তা জানেন এবং নিশ্চিত করা যায় যে পরিবারসমূহ জানেন যে, প্রযোজ্য হলে যে শিক্ষার্থী স্কুল-ভিত্তিক ভর্তি প্রক্রিয়া অনুযায়ী ভর্তি পরীক্ষা ও অডিশনে অংশ নেবে, তার আইইপি-এর সাথে সামঞ্জস্যপূর্ণ বিশেষ ব্যবস্থার সুবিধা লাভের অনুরোধ জানাতে পারেন। সব মিলিয়ে হাই স্কুল আবেদনপত্রের প্রথম পাতা পরিবারসমূহকে হাই স্কুল কর্মসূচিগুলোকে ক্রমানুযায়ী সাজানর ও আবেদন করার সময় শিক্ষার্থীর পুরো প্রোফাইল বিবেচনার সুযোগ দেয়।

5. **আইইপি থাকা কি কোন শিক্ষার্থীর ভর্তির সুযোগ সম্প্রসারিত করে?**

হাই স্কুলের ভর্তি প্রক্রিয়া অনুযায়ী প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা যে কোন স্কুলে ভর্তির আবেদন করতে পারে। কোন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত করতে প্রতিটি ডিস্ট্রিক্ট হাই স্কুল কর্মসূচিতে আসন সংরক্ষণ করা হয়। সংরক্ষিত আসন সংখ্যা সে বরোর ৮ম গ্রেডের ২০% স্কুল দিবসের চেয়ে অধিক সময় জুড়ে স্পেশাল এডুকেশন সার্ভিস লাভকারী শিক্ষার্থী সংখ্যার সমান।

6. কীভাবে শিক্ষার্থী নিশ্চিত হয় যে কোন্ স্কুলটি তার জন্য সবচেয়ে ভালো?

৪শটিরও অধিক পাবলিক স্কুলে ৭শটিরও অধিক প্রোগ্রাম রয়েছে, তাই ডিরেক্টরির বিকল্পসমূহ সম্পর্কে যতো বেশি সম্ভব অনুসন্ধান করা, স্কুল মেলাতে যা ওয়া এবং ওপেন হাউস-এ স্কুল পরিদর্শন করা গুরুত্বপূর্ণ। কোন কর্মসূচি তাদের প্রয়োজন ও আগ্রহের সাথে সামঞ্জস্যপূর্ণ কী-না, সেটা নির্ধারণের জন্য শিক্ষার্থীদেরকে অবস্থান/যাতায়াত, ভবনের অভিগম্যতা, শেখানর পদ্ধতি, কোর্স, এবং পাঠক্রমবহির্ভূত কর্মকাণ্ডের সুবিধাসহ অনেকগুলো বিষয় বিবেচনা করতে হবে। আগ্রহ আছে, এমন কর্মসূচিসমূহের একটি যথোপযুক্ত তালিকা তৈরির জন্য ভর্তি প্রক্রিয়া ও অগ্রাধিকারের ভিত্তিতে স্কুল কীভাবে শিক্ষার্থীদেরকে মূল্যায়ন করে, মিডল্ স্কুলের গাইডেন্স কাউন্সিলর শিক্ষার্থীদেরকে তা জানায় সহায়তা দিতে পারেন। স্কুল-ভিত্তিক কমিটি অন স্পেশাল এডুকেশনের (সিএসই) এই প্রক্রিয়ায় একটি গুরুত্বপূর্ণ সূত্র হিসেবে কাজ করতে পারে। এসব কর্মীসদস্যগণ, যারা শিক্ষার্থীর সামর্থ্য ও প্রয়োজন সম্পর্কে অবহিত আছেন, তারা কোন্ স্কুল কর্মসূচিটি সবচেয়ে ভালোভাবে শিক্ষার্থীকে অগ্রগতি লাভ করতে ও কলেজ, পেশা, এবং স্বাবলম্বী জীবন লাভ করতে সক্ষমতা দেবে, সেটা বেছে নিতে সহায়তা দিতে পারেন।

7. প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য কোন স্পেশালাইজড প্রোগ্রাম আছে কি?

স্পেশালাইজড প্রোগ্রাম নির্দিষ্ট চাহিদাযুক্ত শিক্ষার্থীদেরকে কার্যকরভাবে শিক্ষাদান করায় দক্ষতা প্রদান করে এবং তা সকল স্কুলে নেই। ডিওই-এর কম্যুনিটি স্কুলগুলোতে তিন ধরনের স্পেশালাইজড প্রোগ্রাম রয়েছে:

- অটিজম স্পেক্ট্রাম ডিজঅর্ডার (এসএসডি) আছে, এমন শিক্ষার্থীএদর জন্য এএসডি নেস্ট এবং এএসডি হরাইজন
- অ্যাকাডেমিক, ক্যারিয়ার, এবং অ্যাসেনশিয়াল স্কিলস (এসিইএস) জ্ঞানগত প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য
- ইংরেজি ভাষা শিক্ষার্থী, যাদের আইইপি আছে এবং যাদেরকে ইংরেজিভিন্ন অন্য কোন ভাষায় শিক্ষানির্দেশনা দিতে সুপারিশ করা হয়েছে।

স্পেশালাইজড প্রোগ্রাম তাদের জন্য উপযুক্ত কী-না, তা নির্ধারণে কেন্দ্রীয় স্পেশালাইজড প্রোগ্রাম টিম কমিটিজ অন স্পেশাল এডুকেশন ও পরিবারগুলোর সাথে একযোগে কাজ করে। একটি অনুসন্ধান প্রক্রিয়ার মাধ্যমে স্পেশালাইজড প্রোগ্রামের কথা বিবেচনার সূত্রপাত হয়। যেসব পরিবার বিশ্বাস করেন যে তাদের শিক্ষার্থীর জন্য এসব কর্মসূচির কোনটিউপযুক্ত হবে, তাদেরকে specializedprograms@schools.nyc.gov ঠিকানায় ইমেইল দিতে বা (718) 935-2007 নম্বরে ফোন করতে হবে। স্পেশালাইজড প্রোগ্রাম সম্পর্কে অধিক তথ্য পাওয়া যাবে স্পেশাল এডুকেশন অফিসের ওয়েবপেজ (http://schools.nyc.gov/Academics/SpecialEducation/enrolling/specializedprograms)-এ।

8. শিক্ষার্থীরা কোথায় বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা (সিটিই) সম্পর্কে তথ্য পেতে পারে? এসব প্রোগ্রামগুলো কি হাই স্কুলের ভর্তি প্রক্রিয়ার অংশ?

সিটিই কর্মসূচিতে কঠোর কোর্সওয়ার্কের সাথে কর্মক্ষেত্রের প্রশিক্ষণ যুক্ত করা থাকে। সিটিই কর্মসূচি সিটিতে দুইটি পন্থায় দেওয়া হয়: নির্ধারিত সিটি হাই স্কুলে এবং অন্যান্য হাই স্কুলে সিটিই কর্মসূচিতে। সকল সিটিই স্কুল ও কর্মসূচি হাই স্কুল ডিরেক্টরির তালিকায় রয়েছে। এগুলোতে তালিকাভুক্ত হতে হলে শিক্ষার্থীদেরকে হাই স্কুলে ভর্তি প্রক্রিয়া অনুযায়ী আবেদন করতে হবে। সিটিই শিক্ষার বিকল্পটিতে আগ্রহী শিক্ষার্থীদেরকে ডিরেক্টরি পর্যালোচনা করতে এবং (http://schools.nyc.gov/ChoicesEnrollment/SpecialPrograms/CTE/ParentsandStudents) ওয়েবসাইট দেখতে হবে।

9. যাতায়াতে সহায়তা প্রয়োজন, এমন শিক্ষার্থীরা কীভাবে নিশ্চিত হবে যে, কোন্ হাই স্কুলটি অভীগম্য?

যাতায়াতে সহায়তা প্রয়োজন, এমন শিক্ষার্থীদের জন্য পূর্ণ বা আংশিক অভিগম্য ভবন রয়েছে, যেখানে এসব শিক্ষার্থীরা যাতে প্রবেশ করতে এবং সায়েন্স ল্যাবোরেটরি, লাইব্রেরি, ক্যাফেটেরিয়া, কমপক্ষে একটি শৌচাগার ও জিমন্যাসিয়ামসহ সংশ্লিষ্ট সকল প্রোগ্রাম ও পরিষেবা লাভ করতে পারে। অভিগম্য স্কুলগুলোরএকটি তালিকা অফিস অব স্পেস প্ল্যানিং-এর ওয়েবসাইটে (http://schools.nyc.gov/Offices/OSP/Accessibility.htm) পাওয়া যাবে। ডিরেক্টরিতে ভবনের অভিগম্যতার ব্যাপারে উল্লেখ রয়েছে।

শিক্ষার্থী ও পরিবারসমূহকে আবেদন করার পূর্বে স্কুলের সাথে যোগাযোগ ও স্কুল পরিদর্শন করতে উৎসাহিত করা হচ্ছে যাতে শিক্ষার্থীর নির্দিষ্ট ধরনের যাতায়াত সহায়তার চাহিদা পূরণে কোন্ পর্যায়ের অভিগম্যতা আবশ্যক, তা নিশ্চিত হতে পারেন।

10. হাই স্কুল শিক্ষার্থীদের জন্য কোন্ স্পেশাল এডুকেশন সার্ভিস ও সহায়তার ব্যবস্থা রয়েছে?

সকল হাই স্কুল ভর্তি হতে আগত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের আইইপি-তে সুপারিশকৃত বৈচিত্র্যমণ্ডিত চাহিদা পূরণে সক্ষম হবে বলে প্রত্যাশিত। স্কুল কর্মীদেরেক একটি বিভিন্ন ধরনের পেশাদারিত্বে প্রশিক্ষণের সুযোগ দেওয়া হয় যাতে তারা নিশ্চিত করতে পারেন যে তারা শিক্ষার্থীদের প্রয়োজন মেটানোয় সক্ষম। হাই স্কুলে শিক্ষার্থীরা পূর্ণ অথবা খণ্ডকালের জন্য এসইটিএসএস, আইসিটি, এসসি, রিলেটেড সার্ভিস, অ্যাসিসটিভ টেকনলজি, এবং অন্যান্য পরিপূরক এইডস/সার্ভিসসহ বিভিন্ন ধরনের সহায়তা ও পরিষেবা পেতে পারে। ৮ম গ্রেডে শিক্ষার্থীর বাৎসরিক পর্যালোচনায় পিতামাতা ও সিএসই যখন সন্তানের হাই স্কুলের জন্য আইইপি তৈরি করবেন, তখন তাদেরকে শিক্ষার্থীর সামর্থ্য, চাহিদা, এবং মাধ্যমিক-উত্তর লক্ষ্য ইত্যাদি বিবেচনা করতে হবে। শিক্ষার্থী হাই স্কুল শুরু করার পর স্কুল ইমপ্লিমেনটেশন টিম (এসআইটি) সুপারিশকৃত সহায়তা ও পরিষেবা বাস্তবায়নের জন্য দায়ী থাকবে। আইইপি পর্যালোচনা ও সুপারিশগুলো হাই স্কুলে শিক্ষার্থীর অগ্রগতির জন্য সবচেয়ে ভালো সহায়তা করবে কী-না, তা নিশ্চিত হওয়ার জন্য হাই স্কুল সিএসই পরিবারের সাথেও মিলিত হতে পারে। অধিক তথ্যের জন্য, অনুগ্রহ করে ফ্যামেলি গাইড টু স্পেশাল এডুকেশন (http://schools.nyc.gov/NR/rdonlyres/C5C32BF5-AF1B-4B23-BE95-6C5500566EF7/0/21250_Parent_Guide_for_Students_with_Disabilites_Bengali_LR.pdf) দেখুন।

11. হাই স্কুলে যাওয়ার পরও কি শিক্ষার্থীরা স্পেশাল ট্রান্সপোর্টেশন লাভের যোগ্য থাকবে?

হাই স্কুলে শিক্ষার্থীরা স্পেশাল ট্রান্সপোর্টেশন ও আইইপি-তে সুপারিশকৃত বিশেষ ব্যবস্থার সুযোগ লাভ করবে। তবে, একজন শিক্ষার্থীর আত্মনির্ভরশীলতা বৃদ্ধির জন্য হাই স্কুলের সময়টি হতে পারে ভালো সময়। স্কুল বাছাইয়ের সময় পিতামাতা ও শিক্ষার্থীদেরকে যাতায়াত ও অন্যান্য সুযোগ-সুবিধার কথা বিবেচনা করতে হবে।

এটা করতে হলে পরিবারসমসূহ বরো অনুযায়ী হাই স্কুল ডিরেক্টরি (http://schools.nyc.gov/ChoicesEnrollment/bengali.html) দেখতে হবে বা বাড়ির নিকটবর্তী কোন প্রোগ্রাম খোঁজে পেতে স্কুল সার্চ ব্যবস্থা (http://schools.nyc.gov/schoolsearch/Maps) ব্যবহার করতে হবে। ট্রান্সপোর্টেশন সম্পর্কে আরও তথ্যের জন্য অফিস অব পিউপল ট্রান্সপোর্টেশন ওয়েবসাইট (http://schools.nyc.gov/Offices/Transportation/ServicesandEligibility/DoortoDoor/default.htm) দেখুন

12. ট্র্যানজিশন প্ল্যানিং কী এবং এই প্রক্রিয়া শুরুর সঠিক সময় কোনটি?

ট্রানজিশন হচ্ছে সেই প্রক্রিয়া যা নিয়ে শিক্ষার্থী, পরিবার ও স্কুলকর্মীরা ভাবেন এবং হাই স্কুল পরবর্তী জীবন নিয়ে পরিকল্পনা করেন। ১২ বছর বয়সে থেকে একটি ভোকেশন্যাল লেভেল ১ মূল্যায়ন পরিচালনা করা শুরু হয় যাতে একজন শিক্ষার্থীর চাহিদা, আগ্রহ, এবং প্রাপ্ত বয়স্ক হিসেবে জীবনের লক্ষ্য সম্পর্কে আলোচনায় সহায়তা করা যায়। এ মূল্যায়ন শিক্ষার্থীদেরকে তাদের আগ্রহের হাই স্কুল কর্মসূচি বাছাই করতেও সহায়তা করতে পারে। যে বছর শিক্ষার্থীর বয়স ১৫ হবে, সে বছর থেকে আইইপি-তে অবশ্যই শিক্ষার্থীর অগ্রাধিকার, আগ্রহ ও সক্ষমতা এবং শিক্ষার্থীদেরকে তাদের লক্ষ্য অর্জনে সহায়তা করবে, এমন ধরনের সমন্বয়সাধনকৃত কর্মকাণ্ডের বর্ণনা থাকবে যাতে পরিমাপযোগ্য মাধ্যমিক-উত্তর লক্ষ্যসসমূহ অন্যর্ভুক্ত করতে হবে। ট্র্যানজিশন প্ল্যানিং প্রোসেসকে অবশ্যই শিক্ষার্থীকে সাফল্যের সাথে স্কুল থেকে মাধ্যমিক-উত্তর শিক্ষা ও প্রশিক্ষণে, কর্মক্ষেত্রে, স্বনির্ভর জীবন-যাপনে, এবং কম্যুনিটিতে অংশগ্রহণে সক্ষম করতে হবে।

13. প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য গ্র্যাজুয়েশনের কী কী বিকল্প রয়েছে?

হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হতে হলে নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদেরকে অবশ্যই নির্ধারিত বিষয়গুলোতে ন্যূনতম ৪৪ ক্রেডিটের কোর্সওয়ার্ক সম্পন্ন করতে হবে এবং নিউ ইয়র্ক স্টেট রিজেন্টস পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে তাদের আগ্রহ অনুযায়ী সম্ভাব্য ক্ষেত্রে সবচেয়ে কঠোর ডিপ্লোমা অর্জনের বিষয়টি বেছে নিতে উৎসাহিত করা হয়। একটি হাই স্কুল ডিপ্লোমা অর্জনের জন্য এবং বাধ্যতামূলক বিষয়গুলোতে কম নম্বর পেয়ে লোকাল ডিপ্লোমায় উত্তীর্ণ হওয়ার সুযোগ প্রদানকারী সেফটি নেট লাভের জন্য, যে বছর আইইপিযুক্ত শিক্ষার্থীরা ২১ বছর পূর্ণ করবে, সে বছরের শেষ দিন পর্যন্ত তাদের হাই স্কুলে যাওয়ার অধিকার আছে। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরাও একটি মান স্বীকৃতিপত্র বা ডিপ্লোমা অর্জন ছাড়া বাড়তি একটি কমেন্সমেন্ট স্বীকৃতি অর্জন করতে পারে। **ক্যারিয়ার ডেভেলপমেন্ট অ্যান্ড অকুপেশনাল স্টাডিজ (সিডিওএস) কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল** হলো একটি সার্টিফিকেট যা নির্দেশ করে যে শিক্ষার্থীর প্রারম্ভিক স্তরের কাজের জন্য প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা রয়েছে। সিডিওএস কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল একটি প্রথাগত ডিপ্লোমার চাইতে বাড়তি হতে পারে, কিংবা এমন একজন শিক্ষার্থীকে দেয়া হতে পারে যে ডিপ্লোমার মান অর্জনে অক্ষম। ডিপ্লোমার স্বীকৃতি বা একটি প্রমিত এক্সিট সার্টিফিকেট হিসেবে প্রমিত মূল্যায়নে অংশগ্রহণকারী আইইপিযুক্ত শিক্ষার্থীর জন্য এটি পাওয়া যাবে। এটি তাদের জন্য পাওয়া যাবে না যাদেরকে বিকল্প বিবেচনায় মূল্যায়ন করা হয়েছে (নিউ ইয়র্ক স্টেটের বিকল্প মূল্যায়ন (এনওয়াইএসএএ))।

স্কিলস অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (এসএসিসি) এমন একটি সনদ যা সেসব শিক্ষার্থীদের দেওয়া হয় যারা মারাত্মক জ্ঞান প্রতিবন্ধিতাযুক্ত যে কারণে তারা এনওয়াইএসএএ লাভের যোগ্য এবং যারা কিন্ডারগার্টেন ছাড়া ন্যূনতম ১২ বছরের অধিককাল স্কুলে গিয়েছে। এই ক্রেডেনশিয়ালের সাথে অবশ্যই প্রাতিষ্ঠানিক ও পেশাগত অগ্রগতি ও পেশাগত পাঠ সম্পর্কে শিক্ষার্থীর অর্জনের পর্যায়গুলোর একটি বিবরণ দিতে হবে।

Department of Education
Carmen Fariña, Chancellor

সিডিওএস এবং এসএসিসি সমমান ডিপ্লোমা নয়, তবে এগুলো তাদের যে প্রাথমিক স্তরের কাজের প্রস্তুতি আছে, সেটা দেখানর সুযোগ দেয়। ক্রেডেনশিয়াল ও বিকল্প গ্র্যাজুয়েশন সম্পর্কে আরও তথ্য পেতে হলে স্কুলের গাইডেন্স কাউন্সেলরের সাথে কথা বলুন, স্পেশাল এডুকেশন অফিসের ওয়েবপেজ (http://schools.nyc.gov/Academics/SpecialEducation/Graduation/Diploma/default.htm) দেখুন এবং গ্রাজুয়েশন সম্পর্কিত ওয়েবপেজ (http://schools.nyc.gov/NR/rdonlyres/0C526E09-CBE0-488B-A39E-0B5B356C38C5/0/Acpolicyswdbengali.pdf) দেখুন।

14. শিক্ষার্থী ও পরিবারবর্গ আবেদনের সময়সীমা, ভর্তির শর্ত, মেলা ও স্কুলসমূহ সম্পর্কে অধিক তথ্য কোথায় পেতে পারেন?

হাই স্কুল সম্পর্কে আরও সহায়সঙ্গতি ও তথ্যের জন্য শিক্ষার্থী ও পিতামাতাগণ অফিস tঅব স্টুডেন্ট এনরোলমেন্ট-এর ওয়েবপেজ (http://schools.nyc.gov/ChoicesEnrollment/bengali.html) দেখুন এবং হাই স্কুলে ভর্তি সম্পর্কিত বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী (http://schools.nyc.gov/NR/rdonlyres/32C2D233-AA41-426B-865B-81603DAF04B4/0/HSAdmissionsFAQs20140618.pdf)পড়ুন। এছাড়াও পরিবারসমূহ তাদের সন্তানদের গাইডেন্স কাউন্সেলরের সাথে সাক্ষাতের জন্য সময়সূচি ঠিক করে সাক্ষাৎ করতে পারেন।